গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড, বকশি বাজার, ঢাকা-১২১১
www.prison.gov.bd

পত্র নং-৫৮.০৪.০০০০.০২২.১২.০০৫.২০২৪- ৬৪

তারিখ: ২২ মাঘ, ১৪৩১।
০৪ ফেব্রুয়ারি, ২০২৫।

বিষয় : কারাগারে গরুপালন প্রসঙ্গে।

কারা বিধি ১ম খন্ডের ১১৪২ ধারা অনুযায়ী কারাগারের কর্মকর্তাগণ গরুপালন করে থাকেন। গরুপালনের ক্ষেত্রে কোনো প্রকার বিধি বিধান অনুসরণ করা হচ্ছে না। গরুপালনের ক্ষেত্রে কারা অধিদপ্তরের সকল কর্মকর্তাকে কারা মহাপরিদর্শকের নিকট থেকে লিখিত অনুমতি গ্রহন করার পাশাপাশি নিম্নলিখিত শর্তসমূহ প্রতিপালন করার জন্য নির্দেশ দেওয়া হলো।

১। ০২(দুই) টির অধিক গরুপালন করা যাবে না।
২। কারা এলাকায় গরুপালনের ক্ষেত্রে কারাগারের পরিবেশ কোন ভাবেই নষ্ট করা যাবে না।
৩। গরুপালনের ক্ষেত্রে কোন সরকারি কর্মচারী নিযুক্ত করা যাবে না।
৪। গরু লালন পালনের ক্ষেত্রে সরকারি কোনো অর্থ ব্যয় করা যাবে না।
৫। ব্যক্তিগত গরুপালনের কাজে বন্দিদের ব্যবহার করা যাবে না।
৬। সরকারি কোন স্থানে ঘাস চাষ করা যাবে না।
৭। গরুপালন কাজে ব্যবহৃত পানি ও বিদ্যুৎ বিল ব্যক্তিগতভাবে পরিশোধ করতে হবে।
৮। গরুর সংখ্যা ০২(দুই) এর অধিক নেই এবং নির্দেশনা অনুসরণ করা হচ্ছে মর্মে প্রতি মাসের প্রথম সপ্তাহে লিখিত প্রত্যয়ন দিতে হবে।

গরুপালনের ক্ষেত্রে উপরোক্ত শর্তাবলীর ব্যত্যয় পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট কর্মকর্তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

এ প্রেক্ষাপটে আগামী ১৫ ফেব্রুয়ারি ২০২৫ তারিখের মধ্যে উপরোক্ত শর্তাবলী মান্য করা সাপেক্ষে গরু পালনের নিমিত্ত প্রয়োজনীয় অনুমতি গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

০৪/২/২৫

মোহাম্মদ মোস্তফা কামাল
কর্নেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক
পক্ষে-কারা মহাপরিদর্শক
ফোন: ৫৭৩০০২২২ (দপ্তর)
addl.ig@prison.gov.bd

১। কারা উপ মহাপরিদর্শক, সকল বিভাগ;
২। সিনিয়র জেল সুপার /জেল সুপার, সকল কেন্দ্রীয়/জেলা কারাগার;

অনুলিপি জ্ঞাতার্থে :

১। সহকারী কারা মহাপরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা;
২। জেল সুপার, প্রিজন্স ইন্টেলিজেন্স ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা;
৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা। পত্রটি কারা অধিদপ্তরের ওয়েব সাইডে আপলোড করার জন্য অনুরোধ করা হলো;
৪। শাখা প্রধান, সকল শাখা, কারা অধিদপ্তর, ঢাকা;
৫। ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা। বিষয়টি কারা মহাপরিদর্শক/ অতিরিক্ত কারা মহাপরিদর্শক/ কারা উপ মহাপরিদর্শক মহোদয়ের সদয় অবগতির জন্য।